



বিএনপির গঠনতন্ত্র অনুযায়ী এখন চেয়ারম্যান তারেক রহমান



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুর ফলে বিএনপির চেয়ারপারসনের পদ শূন্য হয়েছে। বিএনপির গঠনতন্ত্রের ৭(গ) ধারায় বলা আছে—চেয়ারম্যানের পদ শূন্য হলে সিনিয়র ভাইস চেয়ারম্যান স্বয়ংক্রিয়ভাবে চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করবেন। সে অনুযায়ী তারেক রহমান বর্তমানে বিএনপির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

তবে এ বিষয়ে এখনও আনুষ্ঠানিক ঘোষণা দেয়নি দলটি। বিএনপির নীতিনির্ধারণী পর্যায়ের একাধিক নেতা জানিয়েছেন, শোকের আবহ ও রাষ্ট্রীয় শোককাল বিবেচনায় রেখে বিষয়টি কৌশলগতভাবে প্রকাশ্যে আনা হয়নি। আগামী স্থায়ী কমিটির সভায় এ নিয়ে আনুষ্ঠানিক সিদ্ধান্ত বা ঘোষণা আসতে পারে।

খালেদা জিয়ার মৃত্যুতে দেশজুড়ে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালিত হচ্ছে। পাশাপাশি বিএনপিও দলীয়ভাবে সাত দিনের শোক পালন করছে। এই পরিস্থিতিতে দলের অভ্যন্তরীণ পদ-পদবি নিয়ে তড়িঘড়ি কোনো সিদ্ধান্ত না নেওয়ার নীতি অনুসরণ করা হচ্ছে বলে দলীয় সূত্র জানিয়েছে।

উল্লেখ্য, ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি খালেদা জিয়া কারাবন্দি হওয়ার পর গঠনতন্ত্র অনুযায়ী তারেক রহমান ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্ব পান। তখন থেকে তিনি দলীয় কার্যক্রম পরিচালনা করে আসছেন। বর্তমান পরিস্থিতিতে গঠনতন্ত্রের একই ধারার উপধারা অনুযায়ী তিনি পূর্ণ চেয়ারম্যানের দায়িত্বে বহাল রয়েছেন, যতদিন না নিয়ম অনুযায়ী নতুন চেয়ারম্যান নির্বাচিত হন।

এ বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বলেন, “খালেদা জিয়ার মৃত্যুতে শুধু বিএনপি নয়, পুরো দেশ গভীর শোকে রয়েছে। এমন সময়ে পদ-পদবি মুখ্য বিষয় নয়। তবে গঠনতন্ত্র অনুযায়ী তারেক রহমানই এখন দলের চেয়ারম্যান—এতে কোনো সংশয় নেই।”